



## নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।



ফোন # ০২৫৮৮৮৮২৫৯৯  
e-mail : naogaonpbs1@gmail.com  
Web : www.pbs1.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০২.০০৮.২৩. ২৪২৪

তারিখ- ০৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ।  
২৩ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ।

### বিষয়ঃ মেডিক্যাল রিটেইনার চিকিৎসক নিয়োগ বিজ্ঞপ্তি

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ আত্রাই জোনাল অফিসের জন্য ০১ (এক) জন ও বদলগাছী জোনাল অফিসের জন্য ০১ (এক) জন সহ সর্বমোট ০২ (দুই) জন মেডিক্যাল রিটেইনার ডাক্তার (চঃ ভিঃ) নিয়োগের নিমিত্তে নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলীঃ


- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিক্যাল কলেজ হতে এম.বি.বি.এস পাশ হতে হবে।
- ০৩। প্রার্থীকে অবশ্যই যেকোন ০১ টি অফিসের বিপরীতে আবেদন করতে হবে এবং তা আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হবে। তবে উভয়পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ বাড়ানো যেতে পারে। যেকোন পক্ষ ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে চুক্তির অবসান ঘটাতে পারবেন।
- ০৫। নিয়োগ প্রাপ্ত চিকিৎসকগণকে সপ্তাহে ০২ (দুই) দিন সংশ্লিষ্ট জোনাল অফিসে উপস্থিত থেকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের এবং তাদের নির্ভরশীল সদস্যদের চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। অফিসে আসার সপ্তাহের নির্ধারিত দিন ব্যতিত প্রয়োজনে চিকিৎসকের ব্যক্তিগত চেম্বারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারীগণ সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এর জন্য কোন পৃথক ভিজিট বা ফি দেয়া হবে না।
- ০৭। দুর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে সমিতির ভৌগলিক এলাকার যে কোন স্থানে যেতে হতে পারে এবং এ জন্য তাকে প্রকৃত যাতায়াত খরচ প্রদান করা হবে।
- ০৮। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদন সাপেক্ষে জোনাল অফিসের জন্য নির্বাচিত প্রার্থীকে মাসিক ৬০০০/= (ছয় হাজার) টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৯। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপরোক্ত পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত দরখাস্ত আগামী ১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারী বরাবর পৌছাতে হবে।

- (ক) আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে) :
- (খ) পিতার নাম :
- (গ) মাতার নাম :
- (ঘ) স্থায়ী ঠিকানা :
- (ঙ) বর্তমান ঠিকানা :
- (চ) শিক্ষাগত যোগ্যতা :
- (ছ) জন্ম তারিখ :
- (জ) ধর্ম :
- (ঝ) জাতীয়তা :
- (ঞ) অভিজ্ঞতা :

অঃ পৃঃ দ্রঃ

- (ট) রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।  
(ঠ) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।  
(ড) বর্ণিত পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ রবিউল হক)  
জেনারেল ম্যানেজার  
নওগাঁ পবিস-১।

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)**

- ০১। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।  
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।}  
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।  
০৪। জেলা প্রশাসক, নওগাঁ।  
০৫। পুলিশ সুপার, নওগাঁ।  
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, আত্রাই/বদলগাছী।  
০৭। সকল ডিজিএম, নওগাঁ পবিস-১।  
০৮। সকল এজিএম, নওগাঁ পবিস-১।  
০৯। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১।-ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।  
১০। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।

Zohur  
23.07.2023  
(মোঃ জাহিউর রহমান জিম)  
এজিএম (মানব সম্পদ)।